

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

সূত্র নং- ৫৩.০৯.০০০০.৯৩১.২৩.০০০.২২.০০৩৭

তারিখঃ ১৩ মার্চ ২০২২

প্রতিঃ সকল কর্মকর্তা ও কর্মচারী, বেসিক ব্যাংক লিমিটেড।

বিষয়ঃ ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ এবং ২৫ মার্চ গণহত্যা দিবস পালন ও ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি পালন।

আমাদের জাতীয় জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ তিনটি দিবসের তাৎপর্য বিবেচনায় ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ এবং ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেডের উদ্যোগে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচিসমূহ সবার জ্ঞাতার্থে নিম্নে উল্লেখ করা হলোঃ


ক্রমিক নং	তারিখ	কর্মসূচির নাম	বিস্তারিত কার্যক্রম	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	১৭/০৩/২০২২	জাতীয় পতাকা উত্তোলন	১৭ মার্চ ২০২২ এ প্রতিটি শাখায় জাতীয় পতাকার মর্যাদা অক্ষুন্ন রেখে (নির্ধারিত ডিজাইন, মাপ ও রং ঠিক রেখে) জাতীয় পতাকা উত্তোলন।	সকল শাখা
০২।	১৭/০৩/২০২২	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে (ধানমন্ডি-৩২ নম্বরে) পুষ্পস্তবক অর্পণ।	প্রধান কার্যালয় এবং ঢাকা মহানগরীর শাখাসমূহ
			ঢাকা মহানগরীর বাইরের শাখাসমূহের স্থানীয় কর্তৃপক্ষের অনুষ্ঠানসূচিতে অংশগ্রহণ করা।	ঢাকা মহানগরীর বাইরের শাখাসমূহ
			টুঙ্গিপাড়া শাখার তত্ত্বাবধানে টুঙ্গিপাড়া ও পার্শ্ববর্তী শাখাসমূহের অংশগ্রহণে বঙ্গবন্ধুর সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণ।	টুঙ্গিপাড়া ও টুঙ্গিপাড়ার পার্শ্ববর্তী শাখাসমূহ
০৩।	১৭/০৩/২০২২	জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ব্যানার প্রদর্শন	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষ্যে নিম্নোক্ত প্রতিপাদ্য সম্বলিত ব্যানার প্রদর্শন 'বঙ্গবন্ধুর জন্মদিনের অঙ্গীকার সকল শিশুর সমান অধিকার'	প্রধান কার্যালয় ও সকল শাখা
০৪।	১৭/০৩/২০২২	ডিজিটাল ডিসপ্লে বোর্ডে তথ্যচিত্র প্রদর্শন	প্রধান কার্যালয়ের ডিজিটাল ডিসপ্লে বোর্ডে বঙ্গবন্ধুর বাণী/বক্তৃতা/কর্মজীবন এর উপর নির্মিত তথ্যচিত্র প্রদর্শন	প্রধান কার্যালয়
০৫।	১৬/০৩/২০২২	দোয়া মাহফিল	বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে প্রধান কার্যালয়ে দোয়া মাহফিল।	প্রধান কার্যালয়
০৬।	১৬/০৩/২০২২	জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা	বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে প্রধান কার্যালয়ে আলোচনা সভা	প্রধান কার্যালয়
০৭।	২৪/০৩/২০২২	গণহত্যা দিবস উপলক্ষ্যে দোয়া মাহফিল	২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে প্রধান কার্যালয়ে দোয়া মাহফিল।	প্রধান কার্যালয়
০৮।	২৪/০৩/২০২২	গণহত্যা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা	২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে প্রধান কার্যালয়ে আলোচনা সভা।	প্রধান কার্যালয়

পৃষ্ঠা - ১

“শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার”

০৯।	২৬/০৩/২০২২	জাতীয় পতাকা উত্তোলন	২৬ মার্চ ২০২২ সূর্যোদয়ের সাথে সাথে প্রতিটি শাখায় জাতীয় পতাকার মর্যাদা অক্ষুণ্ণ রেখে (নির্ধারিত ডিজাইন, মাপ ও রং ঠিক রেখে) জাতীয় পতাকা উত্তোলন।	সকল শাখা
১০।	২৬/০৩/২০২২	ভবন আলোকসজ্জা	২৬ মার্চ ২০২২ সন্ধ্যা থেকে ব্যাংক ভবনে আলোকসজ্জা।	প্রধান কার্যালয় মনোনীত শাখা
১১।	২৬/০৩/২০২২	সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ	সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। ঢাকা মহানগরীর বাইরের শাখাসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে স্বাধীনতার দিবসের কর্মসূচীতে অংশগ্রহণ।	ব্যাংকের পক্ষে সাভার শাখা ঢাকা মহানগরীর বাইরের শাখাসমূহ
১২।	২৬/০৩/২০২২	ডিজিটাল ডিসপ্লে বোর্ডে তথ্যচিত্র প্রদর্শন	প্রধান কার্যালয়ের ডিজিটাল ডিসপ্লে বোর্ডে বঙ্গবন্ধুর বাণী/বক্তৃতা/কর্মজীবন এর উপর নির্মিত তথ্যচিত্র প্রদর্শন	প্রধান কার্যালয়
১৩।	২৭/০৩/২০২২	আলোচনা সভা	প্রধান কার্যালয়ের তত্ত্বাবধানে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক নেতৃত্ব এবং স্বর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন” শীর্ষক আলোচনা সভা।	প্রধান কার্যালয়
১৪।	২৭/০৩/২০২২	স্বাধীনতা দিবস উপলক্ষ্যে দোয়া মাহফিল	২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে প্রধান কার্যালয়ে দোয়া মাহফিল।	প্রধান কার্যালয়
গৃহীত সকল কর্মসূচি স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক জারিকৃত সর্বশেষ কোভিড-১৯ স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও সামাজিক দূরত্ব বজায় রেখে বাস্তবায়ন করতে হবে।				

উক্ত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/ইউনিট/সেল/ট্রেনিং ইন্সটিটিউট প্রয়োজনীয় সহযোগিতা করবে। ব্যাংকের সকল কর্মকর্তা ও কর্মচারীকে উক্ত কর্মসূচিসমূহ সফল করতে সর্বাত্মক অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।



মোঃ আনিসুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বেসিক ব্যাংক লিমিটেড।
- ২) সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।